



পক্ষী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : ড. এ.কে.এম নুরুজ্জামান
সভার তারিখ : ১৫ জুন ২০১৭
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা
সভার স্থান : সভাকক্ষ (কক্ষ নম্বর-৫১০), পিকেএসএফ ভবন, ঢাকা-১২০৭

সভায় ইনোভেশন টিমের সকল সদস্য উপস্থিত ছিলেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। সভায় উল্লেখ করা হয় যে ২৮ মে ২০১৭ রবিবার সকাল ১১.০০টায় ইনোভেশন টিমের এক সভা অর্থ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ইনোভেশন টিমের অফিসার ও অপর একজন সদস্যসহ মোট দুইজন কর্মকর্তার উপস্থিতির বিষয়টি সভাপতি সভায় উল্লেখ করেন। এছাড়া উক্ত সভায় আলোচ্য বিষয়াদি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত আলোচ্য বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়:

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
১.	২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা।	কর্মপরিকল্পনা অনুযায়ী ২০১৭ সালের বার্ষিক কর্মকাণ্ড চলমান রয়েছে এবং এর অগ্রগতি সন্তোষজনক। সভায় বার্ষিক কর্মপরিকল্পনা মাসিক কার্য সম্পন্ন করার বিষয়ে সকলকে নির্দেশনা প্রদান করা হয়।
২.	২ দিন ও ৫ দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের অগ্রগতি প্রসঙ্গে।	পিকেএসএফ থেকে উক্ত প্রশিক্ষণের জন্য ২০ জন কর্মকর্তার তালিকা তৈরি করা হয়েছে। উক্ত তালিকা অনুযায়ী পর্যায়ক্রমে বিভিন্ন প্রশিক্ষণ কর্মশালায় কর্মকর্তাদের প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হচ্ছে।
৩.	ইনোভেশন টিমের মাসিক সভা অনুষ্ঠানের অগ্রগতি প্রসঙ্গে।	প্রতিমাসে ইনোভেশন টিমের মাসিক সভা অনুষ্ঠিত হচ্ছে। চিফ ইনোভেশন অফিসার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বরাবর উক্ত কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।
৪.	প্রশিক্ষণ একাডেমির কোর্স ক্যারিকুলামে "নাগরিক সেবায় উদ্ভাবন" মডিউল অন্তর্ভুক্তকরণের অগ্রগতি প্রসঙ্গে।	পিকেএসএফ পর্যায়ে প্রশিক্ষণ একাডেমির কোর্স ক্যারিকুলামে এ বিষয়ে সেশন অন্তর্ভুক্ত করা হয়েছে।
৫.	ইনোভেশন সংক্রান্ত যাবতীয় তথ্য ওয়েবসাইটে প্রদর্শন, ইনোভেশন কর্ণার ও ফেসবুক পেজ চালুর অগ্রগতি।	কর্মপরিকল্পনা ওয়েবসাইটে প্রদর্শন করার ব্যবস্থা করা হয়েছে। পিকেএসএফ-এর ওয়েবসাইটে ইনোভেশন কর্ণার খোলা এবং ফেসবুক পেজ চালু করা হয়েছে।
৬.	দপ্তর/ সংস্থা কর্তৃক বাস্তবায়িত/ বাস্তবায়নাধীন পাইলট প্রকল্পের অগ্রগতি প্রসঙ্গে।	প্রযোজ্য নয়।




পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
৭.	ইনোভেশন কার্যক্রমে কর্মকর্তাদের প্রণোদনা প্রদান ও বাজেট বরাদ্দ প্রসঙ্গে।	২০১৭-১৮ অর্থ-বছরের বাজেটে ইনোভেশন কার্যক্রম খাতে অর্থ রবাদ রাখা হয়েছে।
৮.	মন্ত্রিপরিষদ বিভাগের সদয় নির্দেশনা অনুযায়ী ইনোভেশন কার্যক্রম সম্পর্কিত পুস্তিকা প্রণয়ন প্রসঙ্গে।	মন্ত্রিপরিষদ বিভাগের সদয় নির্দেশনা অনুযায়ী এ সংক্রান্ত কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।
৯.	বিবিধ	পিকেএসএফ-এর সমন্বয় সভার আলোচ্য সূচিতে ইনোভেশন কার্যক্রম সংক্রান্ত এজেন্ডা রাখা হয়েছে।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার বিষয়ে সকল সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(ড. এ.কে.এম নুরুলজামান)
উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম)
ও
ইনোভেশন অফিসার

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। ব্যবস্থাপনা পরিচালক
- ২। উপ-ব্যবস্থাপনা পরিচালক (সকল)
- ৩। চিফ ইনোভেশন অফিসার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ৪। পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সকল সদস্য
- ৫। নথি